
The Bangladesh Monitor - A Premier Travel Publication



বিশ্বজুড়ে ২৪ ঘণ্টায় ৯১ ভূমিকম্প

A Monitor Desk Report



ঢাকাঃ গত ২৪ ঘণ্টায় বিশ্বের বিভিন্ন স্থানে ৯১টি ভূমিকম্প হয়েছে।

রবিবার (২৩ নভেম্বর) বিশ্বব্যাপী ভূমিকম্পের তথ্য নিয়ে কাজ করা জনপ্রিয় ওয়েবসাইট 'আর্থকোয়াকট্র্যাকার ডটকম' এক প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে।

ওয়েবসাইটটির দুপুরের আপডেটে জানানো হয়, গত ৭দিনে বিশ্বের বিভিন্ন স্থানে অন্তত ৮৫২টি ভূমিকম্প হয়েছে।

এদিকে, বাংলাদেশে গত ২ দিনে ৪টি ভূমিকম্প অনুভূত হয়েছে। এর মধ্যে প্রথমবার ভূমিকম্প অনুভূত হয়েছে শুক্রবার সকাল ১০টা ৩৮ মিনিটে। দ্বিতীয়বার ৩.৩ মাত্রার কম্পন অনুভূত হয়েছে শনিবার সকাল ১০টা ৩৬ মিনিটে। শেষবার অনুভূত হয়েছে শুক্রবার সন্ধ্যা ৬টা ৬ মিনিট ৫ সেকেন্ডে; যার মাত্রা ছিল ৩.৭। এর এক সেকেন্ড পর সন্ধ্যা ৬টা ৬ মিনিট ৫ সেকেন্ডে দ্বিতীয়বার ভূমিকম্প হয়; যার মাত্রা ছিল ৪.৩।

বিশেষজ্ঞরা বলছেন, ঘন ঘন ভূমিকম্পের ঘটনা বড় ধরনের ভূ-কম্পনের পূর্বাভাস হতে পারে। তাই জনসাধারণকে সতর্ক থাকার পরামর্শ দিয়েছেন তারা।

উল্লেখ্য, ১৮৬৯ সাল থেকে এ পর্যন্ত ১৪টি বড় ভূমিকম্প হয়েছে। এগুলোর মাত্রা ছিল ৬ দশমিক ৬ থেকে ৮ দশমিক ৬ মাত্রার মধ্যে। ১৮৯৭ সালে ৮ দশমিক ১ মাত্রার হয়েছে। ওই ভূমিকম্পের উৎপত্তি ছিল ভারতে। এরপর ১৯৫০ সালের ৮ দশমিক ৬ মাত্রার ভূমিকম্পটির উৎপত্তিও ভারতের আসামে। এছাড়া মিয়ানমার, ভুটার, নেপালের ভূকম্পনের ঢেউও এসে পড়ে বাংলাদেশে।